**Times Today BD**

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 27 May, 2025

চট্টগ্রাম জেলার বিভিন্ন থানায় হারানো ডায়েরি মূলে চুরি হয়ে যাওয়া ৫১টি মোবাইল উদ্ধার করে প্রকৃত মালিকদের কাছে ফিরিয়ে দিয়েছে চট্টগ্রাম জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মঙ্গলবার (২৭ মে) চট্টগ্রাম জেলা পুলিশ সুপার কার্যালয়ে এ নিয়ে এক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য নিশ্চিত করে পুলিশ।

পুলিশ জানায়, বিগত সময়ে এই ফোনগুলো চট্টগ্রামের বিভিন্ন উপজেলা থেকে হারিয়ে যায়। এসব ফোনের হারানো জিডি করা আছে চট্টগ্রামের ১৭টি থানায়।পরে ফোনগুলো উদ্ধার করে একসাথে মালিকদের কাছে হস্তান্তর করা হয়। একসাথে এত ফোন উদ্ধার করে ফিরিয়ে দেওয়ার সময়ে আনন্দময় পরিবেশ সৃষ্টি হয়।

পুলিশ আরো জানান, বিগত সময়ে হারিয়ে যাওয়া ফোন আবার ফেরত পেয়ে আবেঘগন হয়ে পড়েন প্রকৃত মালিকরা।এসব মোবাইলের মধ্যে রাউজান থানার ১৩টি, লোহাগড়া থানার ৭টি, আনোয়ারা থানার ৬টি, চন্দনাইশ থানার ২টি, দক্ষিণ রাঙ্গুনিয়া থানার ও জোরারগঞ্জ থানার ৭টি ফোন রয়েছে।

জানা যায়, আকর্ষণীয় অফার দিয়ে খুব কম দামে এসব পুরাতন মোবাইল সামাজিক যোগাযোগ মাধ্যমে বিজ্ঞাপন দিয়ে বিক্রি করা হয়েছে।আর এসব লোভলীয় কম মূল্য দেখে ফোনগুলো যাচাই বাচাই ছাড়াই ক্রয় করেন ক্রেতারা। অন্যদিকে যাচাই বাচাই না করে মোবাইল ফোন না করার অনুরোধ জানিয়েছে সংস্থাটি।এক্ষেত্রে সবাইকে পুরাতন ফোন ক্রয়ের

সময় ক্যাশ মেমো, বিক্রেতার এনআইডি, বক্স ও আইএমইআই যাচাই বাচাইয়ের অনুরোধ করে পুলিশ।

পুলিশ মোবাইল

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 01:55

URL: https://www.timestodaybd.com/public/chittagong/3023775807